গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯

www.pmeat.gov.bd

স্মারক নং- এইচএসপি/কার্যক্রম মনিটরিং ও বাস্তবায়ন/১০৭/২০২১/১৯৪ তারিখ: ১০.০৬.২০২৪ খ্রি.

বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির উপবৃত্তি কার্যক্রম বাস্তবায়ন ও মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির "উপবৃত্তি কার্যক্রম বাস্তবায়ন ও মনিটরিং" শীর্ষক কমিটির গত ২৭/০৫/২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার অনুমোদিত কার্যবিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হলো।

১০।৬।২০২৪

(মোঃ তৌফিক এরফান)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৫৫০০২০৬৭

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
দৃ. আ. অধ্যাপক ড. একিউএম শফিউল আজম, পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
০২। প্রোগ্রাম-কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
দৃ. আ. মোঃ মোস্তাফিজুর রহমান, গবেষণা কর্মকর্তা, এসইডিপি।
০৩। পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৪। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
দৃ. আ. মোঃ কায়ছার রহমান, পরিচালক, ব্যানবেইস।
০৫। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
দৃ. আ. মোঃ আবুল বাসার, উপপরিচালক (অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
০৬। যুগ্মসচিব/উপসচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
০৭। যুগ্মসচিব/উপসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
০৮। জনাব মনিরা বেগম, উপসচিব (উন্নয়ন-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৯। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো- অর্ডিনেটর, BACS & iBAS++, SPFMS প্রোগ্রাম, অর্থ বিভাগ।
দৃ. আ. দুলাল চন্দ্র পান্ডে, সিনিয়র ফাংশনাল কনসালটেন্ট।
১০। উপপরিচালক, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধনামন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
১১। জনাব মোহাম্মদ রাহাত উদ্দিন, অতিরিক্ত পরিচালক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল শাখা, ঢাকা।
১২। জনাব কাজী নূরে আলম সিদ্দিকী, উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩। জনাব তৈয়ব হোসেন সরকার, উপ-রেজিস্ট্রার (কমন), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪। উপপরিচালক, প্রধনামন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে:

০১। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০২। স্কিম পরিচালক, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৩। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা
www.pmeat.gov.bd

বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির উপবৃত্তি কার্যক্রম বাস্তবায়ন ও মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	:	**জনাব স্মৃতি কর্মকার (অতিরিক্ত সচিব) ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট ও সভাপতি, উপবৃত্তি কার্যক্রম বাস্তবায়ন ও মনিটরিং কমিটি।**
সভার তারিখ ও সময়	:	**২৭.০৫.২০২৪ খ্রি. সকাল ১১.৩০ টা**
স্থান	:	**সভা কক্ষ, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।**

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় অবহিত করেন যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচি হতে সারাদেশের সাধারন শিক্ষা বোর্ড এবং মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে পাঠদানের অনুমতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ থেকে ১২শ ও সমমান শ্রেণিতে অধ্যয়নরত অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি ও অন্যান্য আর্থিক সহায়তা প্রদান করা হয়। আজকের সভায় প্রধানত ২০২৪ শিক্ষাবর্ষের ৬ষ্ঠ, ৯ম (বিশেষ শর্তাধীনে) ও সমমান শ্রেণিতে উপবৃত্তির জন্য আবেদনকৃত শিক্ষার্থীদের মধ্যে নির্বাচনি নম্বর (Cut-off-Marks) নির্ধারণ করে উপবৃত্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হবে। সভাপতি সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম শুরু করার জন্য সমন্বিত উপবৃত্তি কর্মসূচির স্কিম পরিচালককে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে স্কিম পরিচালক আলোচ্যসূচি অনুযায়ী একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন।

২.১। কার্যবিবরণী নিশ্চিতকরণ:

সভায় জানানো হয় যে, বিগত সভার কার্যবিবরণী সকল সদস্যদের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীতে সংশোধনীর জন্য কোনোরূপ সুপারিশ/প্রস্তাব পাওয়া যায়নি। সভাপতি কার্যবিবরণীতে কোন সংশোধনের প্রস্তাব আছে কিনা তা জানতে চাইলে উপস্থিত সদস্যগণ কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনের প্রয়োজনীয়তা না থাকায় তা নিশ্চিতকরণের সর্বসম্মত অভিমত ব্যক্ত করেন।

২.২। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন পর্যালোচনা:

সভায় বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতিতে সভাপতিসহ উপস্থিত সদস্যগণ সন্তোষ প্রকাশ করেন।

৩। ২০২৩-২৪ অর্থ বছরের সামগ্রিক কার্যক্রম বাস্তবায়ন এবং ক্রমপুঞ্জিত অগ্রগতি পর্যালোচনা:

সভায় জানানো হয় স্কিমের মেয়াদ জুলাই ২০১৮ হতে জুন ২০২৩ পর্যন্ত নির্ধারিত ছিলো। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২৫.১০.২০২৩ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৮১.৪৩.০০১.১৮-৩০৯ অনুযায়ী স্কিমের মেয়াদ জুন ২০২৫ পর্যন্ত (২ বছর) বৃদ্ধি করা হয়েছে। এছাড়াও, সভায় আরো জানানো হয় যে, স্কিমের মূল ব্যয় বরাদ্দ: ৮৭৪৪৮২.১৯ লক্ষ (আট হাজার সাতশত চুয়াল্লিশ কোটি বিরাশি লক্ষ উনিশ হাজার) টাকা এবং সংশোধিত মূল ব্যয় বরাদ্দ: ১২৯৬৮৪৭.০০ লক্ষ (বারো হাজার নয়শত আটষট্টি কোটি সাতচল্লিশ লক্ষ) টাকা। জুলাই ২০১৮ হতে ২৬ মে ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয়: ৭৮৫৮২৯.৭৬ লক্ষ (সাত হাজার আটশত আটান্ন কোটি উনত্রিশ লক্ষ ছিয়াত্তর হাজার) টাকা যা স্কিমের মোট বরাদ্দের ৬০.৬০%।২০২৩-২৪ অর্থবছরে আরএডিপি-তে বরাদ্দ: ২২২১২৩.৪০ লক্ষ (দুই হাজার দুইশত একুশ কোটি তেইশ লক্ষ চল্লিশ হাজার) টাকা এবং ২৬ মে, ২০২৪ পর্যন্ত স্কিমের ব্যয় ৩৮১.০৫ লক্ষ (তিন কোটি একাশি লক্ষ পাঁচ হাজার) টাকা।

সভায় আরো জানানো হয় যে, স্কিমের আওতায় বছরে ২ টি কিস্তিতে উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ করা হয়। ২০২৩-২৪ অর্থবছরের বিবেচ্য ২ টি কিস্তির মধ্যে এখনো কোন কিস্তি বিতরণ করা হয়নি বিধায় মে ২০২৪ পর্যন্ত স্কিমে বরাদ্দকৃত অর্থের ব্যয় কম হয়েছে। জুন/২০২৪ মাসে ২ কিস্তির উপবৃত্তির অর্থ একত্রে বিতরণ করা হবে।

৪। ২০২৪ শিক্ষাবর্ষের ৬ষ্ঠ, ৯ম (বিশেষ শর্তাধীনে) ও সমমান শ্রেণিতে উপবৃত্তির সুবিধাভোগী নির্বাচনের লক্ষ্যে HSP-MIS সফটওয়্যারে এন্ট্রিকৃত শিক্ষার্থীদের আবেদন ফরমের নির্ধারিত নির্ণায়কসমূহ মূল্যায়ন করে নির্বাচনী নম্বর (Cut-off-Marks) নির্ধারণ:

৪.১। সাধারণ শিক্ষা ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সারাদেশের মাধ্যমিক ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তির জন্য নির্ধারিত অনলাইন আবেদনের সূচকের (প্রশ্নমালার) উপর গুরুত্ব অনুযায়ী মোট ১০০ নম্বরের মধ্যে ন্যুনতম কত নম্বর নির্বাচনী নম্বর হিসাবে নির্ধারণ করা যেতে পারে সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, অনুমোদিত স্কিম ডকুমেন্ট ও অপারেশন ম্যানুয়েল অনুযায়ী সারাদেশে মাধ্যমিক ও সমমান পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত মোট শিক্ষার্থীর অন্ততঃ ৩০% শিক্ষার্থীকে উপবৃত্তি ও টিউশন ফি'র আওতায় আনতে হবে। এছাড়াও, স্কিম ডকুমেন্টে চলতি অর্থবছরের ৬ষ্ঠ ও সমমান শ্রেণিতে ১০.৫০ লক্ষ শিক্ষার্থীকে উপবৃত্তির আওতায় আনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। আরও উল্লেখ্য যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের এপিএ ২০২৩-২৪ তে মাধ্যমিক পর্যায়ে উপবৃত্তি প্রদানের জন্য ৪৪.৬১ লক্ষ শিক্ষার্থী নির্ধারণ করা আছে। HSP-MIS সফটওয়্যারে বর্তমানে ২০২৪ শিক্ষাবর্ষের ৭ম থেকে ১০ম শ্রেণি পর্যন্ত উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা ৩৫,৩০,৩৮০ জন।

৪.২। সংশ্লিস্ট শিক্ষা বোর্ডসমূহ ও ব্যানবেইস থেকে ২০২৪ শিক্ষাবর্ষের ৬ষ্ঠ ও সমমান শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্য সংগ্রহ করা হয়েছে যা নিম্নবর্ণিত ছকে উল্লেখ রয়েছে। সভায় শিক্ষার্থী নির্বাচনের বিষয়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী শিক্ষার্থীর সংখ্যা ও বরাদ্দকৃত বাজেট বিবেচনায় বিভিন্ন নির্বাচনি নম্বর (Cut-off Marks) নিয়ে আলোচনা হয়। উপস্থাপিত তথ্যের ভিত্তিতে বিস্তারিত আলোচনান্তে চলতি অর্থবছরে ২০২৪ শিক্ষাবর্ষের ৬ষ্ঠ ও ৯ম উভয় শ্রেণিতে স্কুল ও মাদ্রাসার জন্য ৩৭ নম্বরকে নির্বাচনি নম্বর (Cut-off Marks) নির্ধারণে সভায় সর্বসম্মত অভিমত ব্যক্ত করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী নির্বাচনি নম্বরের (Cut-off Marks) ভিত্তিতে HSP-MIS এর মাধ্যমে ৬ষ্ঠ ও ৯ম শ্রেণিতে উপবৃত্তি প্রদানের লক্ষ্যে শিক্ষার্থীর সংখ্যা নিম্নোক্তভাবে নির্ধারণ করা হয়:

ক্র. নং	শ্রেণি	ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা	আবেদনকৃত শিক্ষার্থীর সংখ্যা	নির্বাচনী নম্বর	উপবৃত্তিযোগ্য শিক্ষার্থীর সংখ্যা	মোট ভর্তিকৃত শিক্ষার্থীর তুলনায় শতকরা হার	মোট আবেদনের তুলনায় উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর হার
০১	৬ষ্ঠ (স্কুল)	২১,০১,৭৫৪	৯,৫৮,৫১৮	৩৭	৮,৬৫,৪৬৮	৪১.১৮%	৯০.২৯%
০২	৬ষ্ঠ (মাদ্রাসা)	৫,১৬,২৬৯	২,১৬,৩৮৪	৩৭	২,০৫,৪৫৭	৩৯.৭৯%	৯৪.৯৫%
মোট শিক্ষার্থী		**২৬,১৮,০২৩**	**১১,৭৪,৯০২**	**-**	**১০,৭০,৯২৫**	**৪০.৯০%**	**৯১.১৫%**
০৩	৯ম (স্কুল)	-	২৭,২৩১	৩৭	২৪,৫৩৮	-	৯০.১১%
০৪	৯ম (মাদ্রাসা)	-	১১,১৯৬	৩৭	১০,৪৯১	-	৯৩.৭০%
মোট শিক্ষার্থী		**-**	**৩৮,৪২৭**	**-**	**৩৫,০২৯**	**-**	**৯১.১৫%**

৪.৩। স্কিম ডকুমেন্টের সংস্থান অনুযায়ী মুক্তিযোদ্ধা প্রজন্ম, প্রতিবন্ধি, ৩য় লিঙ্গ, প্রাক্তন ছিটমহলের বাসিন্দা এবং নির্ধারিত ১০টি উপজেলার (নাইক্ষ্যংছড়ি, আলিকদম, কুড়িগ্রাম সদর, চররাজিবপুর, চিলমারি, উলিপুর, ভুরুঙ্গামারি, কাহারোল, খানসামা, কুলিয়ারচর) আবেদনকৃত শতভাগ শিক্ষার্থীদের উপবৃত্তির জন্য HSP-MIS সফটওয়্যারে সরাসরি নির্বাচিত করতে হবে। উল্লেখ্য, ছকে বর্ণিত শিক্ষার্থীদের মধ্যে অগ্রাধিকারপ্রাপ্ত ক্যাটাগরির শিক্ষার্থীরা অর্ন্তভুক্ত আছে।

৫.০। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

৫.১। মাধ্যমিক পর্যায়ে ২০২৪ শিক্ষাবর্ষের ৬ষ্ঠ শ্রেণির স্কুল ও মাদ্রাসার জন্য ৩৭ নির্বাচনী নম্বর (Cut-off Marks) নির্ধারণ করে স্কুলের ৮,৬৫,৪৬৮ জন এবং মাদ্রাসার ২,০৫,৪৫৭ জনসহ সর্বমোট ১০,৭০,৯২৫ জন শিক্ষার্থীকে সুবিধাভোগী হিসাবে নির্বাচনপূর্বক উপবৃত্তি প্রদানের জন্য অনুমোদন করা হয়।

৫.২। মাধ্যমিক পর্যায়ে ২০২৪ শিক্ষাবর্ষের ৯ম শ্রেণির স্কুল ও মাদ্রাসার জন্য ৩৭ নির্বাচনী নম্বর (Cut-off Marks) নির্ধারণ করে স্কুলের ২৪,৫৩৮ জন এবং মাদ্রাসার ১০,৪৯১ জনসহ সর্বমোট ৩৫,০২৯ জন শিক্ষার্থীকে সুবিধাভোগী হিসাবে নির্বাচনপূর্বক উপবৃত্তি প্রদানের জন্য অনুমোদন করা হয়।

৬.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৯/৮/২০২৪

(স্মৃতি কর্মকার)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
ও সভাপতি
উপবৃত্তি কার্যক্রম বাস্তবায়ন ও মনিটরিং কমিটি